# AKASHVANI(AIR(

# RNU: KOLKATA

# Bengali Text Bulletin

**31-05-2026** **Time: 1.30 PM**

**বিশেষ বিশেষ খবরঃ–**

১/ প্রধানমন্ত্রী বলেছেন, সরকার দেশের বিভিন্ন প্রান্তে থাকা অমূল্য **ঐতিহ্য সংরক্ষণে** সক্রিয়। #তিনি আজ আকাশবাণী থেকে প্রচারিত “মন কি বাত”-এর ১৩৪-তম পর্বে তাঁর চিন্তা-ভাবনা সকলের সঙ্গে ভাগ করে নেন।

২/ দেশের বিভিন্ন প্রান্তে গরম ও তাপপ্রবাহের আবহে, দিনের বেলা অকারণে বাইরে না বেরোনোর পরামর্শ দিয়েছেন প্রধানমন্ত্রী।

৩/ নতুন চিফ অফ ডিফেন্স স্টাফ প্রতিরক্ষা বাহিনীর আধুনিকীকরণের জন্য শিল্প ও শিক্ষা মহলের সঙ্গে আরও সমন্বয়ের উপর গুরুত্ব দিয়েছেন।

৪/ মার্কিন যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে একটি পারমাণবিক চুক্তি স্বাক্ষরের সম্ভাবনা তৈরী হয়েছে বলে জানিয়েছেন, মার্কিন রাষ্ট্রপতি।

৫/ কেন্দ্রীয় সরকার, আগামী দু-সপ্তাহের জন্য পেট্রোল, ডিজেল এবং বিমানের জ্বালানির ওপর রপ্তানি শুল্ক আরোপ করেছে।

৬/ IPL ক্রিকেটের ফাইনালে রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু আজ গুজরাট টাইটান্স-এর মুখোমুখি হবে।

--------------------------------------------------------------------------------

দেশের বিভিন্ন প্রান্তে গরম ও তাপপ্রবাহের আবহে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশবাসীকে সাবধানে থাকার পরামর্শ দিয়েছেন। আকাশবাণী থেকে প্রচারিত প্রতি মাসের বেতার অনুষ্ঠান মন কি বাতের ১৩৪-তম পর্বে আজ তিনি তার চিন্তা ভাবনা সকলের সঙ্গে ভাগ করে নেন। তিনি বলেন অকারণে দিনের বেলা রোদের মধ্যে না বের হওয়াই ভালো ।

বাইট

প্রধানমন্ত্রী অনুষ্ঠানে জলাশয় ও জলের উৎস পরিষ্কার পরিচ্ছন্ন রাখার আহ্বান জানান। তিনি এই প্রসঙ্গে অনুপ্রেরণাদায়ক কয়েকটি উদ্যোগের কথা তুলেন। এর মধ্যে ছিল উত্তর প্রদেশের বস্তি জেলার মনোরমা নদীকে প্লাস্টিক মুক্ত করার উদ্যোগ। স্থানীয় বাসিন্দা আকাশ গুপ্তার প্রয়াসের কথা অনুষ্ঠানে সকলের মধ্যে ভাগ করে নেন তিনি।

বাইট

অনুষ্ঠানে প্রধানমন্ত্রী দেশের ক্রীড়াবিদদের সফল হওয়ার উদ্যোগের কথা বলেন। তিনি ঝাড়খণ্ডের রাঁচিতে সদ্য সমাপ্ত ন্যাশনাল সিনিয়র অ্যাথলেটিক্স ফেডারেশন প্রতিযোগিতায় নজরকাড়া দুই খেলোয়াড় গুরিন্দরবীর সিং এবং অনিমেষ কুজুরের সঙ্গে কথা বলেন। শ্রী মোদী সদ্য ঘুরে আসা নেদারল্যান্ডস সফরের প্রসঙ্গ উল্লেখ করে বলেন, সে দেশে আয়োজিত এক বিশেষ অনুষঠানে চোল রাজাদের সময়ের প্রাচীন তাম্র ফলক ভারতকে প্রত্যর্পণ করা হয়।এই প্রত্যারপণ পর্ব তার উপস্থিতিতেই হয়েছে। সরকার দেশের বিভিন্ন প্রান্তে থাকা অমূল্য ঐতিহ্য সংরক্ষণে সক্রিয়।

বাইট

শ্রী মোদী বলেন , ভারতের প্রতিটি গ্রামে, প্রতিটি শহরে, অনুপ্রেরণাদায়ক নানা ঘটনা ঘটে, যেগুলিন আমাদের অগোচরে থেকে যায়। কিন্তু যখন আমরা এগুলির বিষয়ে জানতে পারি, দেশ যে তার আপনজনেদের শক্তিতেই এগিয়ে চলেছে তখন সেই বিশ্বাসটিই আরো শক্তিশালী হয় ।

বাইট

-----------------------

চিফ অফ ডিফেন্স স্টাফ লেফটেন্যান্ট জেনারেল এন এস রাজা সুব্রামানি বলেছেন ভাবনাচিন্তা ও কাজে উদ্ভাবনের ছোয়া থাকলে প্রতিরক্ষা বাহিনীর কাজে তা সহায়ক হবে। নতুন CDS হিসেবে দায়িত্ব গ্রহণের পর তিনি সাংবাদিকদের সঙ্গে কথা বলছিলেন। লেফটেন্যান্ট জেনারেল সুব্রামানি বলেন সশস্ত্র বাহিনী, শিল্প ও শিক্ষা মহল, স্টার্টআপ এবং গবেষণাগার গুলির মধ্যে যত বেশি সমন্বয় তৈরি হবেও ততবেশি সশস্ত্র বাহিনীর কাজের আধুনিকীকরণের ক্ষেত্রে সুবিধা হবে।

-----------------------

অ্যাডমিরাল কৃষ্ণ স্বামীনাথন আজ নৌবাহিনীর ২৭তম প্রধান হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন। তিনি অ্যাডমিরাল দীনেশ কে. ত্রিপাঠির স্থলাভিষিক্ত হয়েছেন। দায়িত্ব গ্রহণের পর সংবাদমাধ্যমকে অ্যাডমিরাল স্বামীনাথন বলেন যে, দেশের স্বার্থ রক্ষায় ভারতীয় নৌবাহিনী সর্বদা সতর্ক রয়েছে। ভারতের নিরাপত্তা ও অর্থনৈতিক স্বার্থ রক্ষার্থে নৌবাহিনী যাতে সর্বোচ্চ পর্যায়ের অভিযানের প্রস্তুতি ও যুদ্ধসক্ষমতা বজায় রাখতে পারে তা নিশ্চিত করাই হবে মূল লক্ষ্য হবে বলে জানান শ্রী স্বামীনাথন।

-----------------------

মার্কিন যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে একটি পারমাণবিক চুক্তি সাক্ষরের সম্ভাবনা হয়েছে বলে জানিয়েছেন মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প।তবে এই আলোচনা ব্যর্থ হলে সামরিক পদক্ষেপ নেওয়া হবে বলে হুশিয়ারি দেন তিনি। ইরান যেন কখনোই পারমাণবিক অস্ত্র তৈরি করতে না পারে সেটি নিশ্চিত করাই তাঁর প্রশাসনের মূল লক্ষ্য। ইরান এমন একটি শর্ত মেনে নিতে রাজি হয়েছে যার ফলে তারা পারমাণবিক অস্ত্র তৈরি বা সংগ্রহ করবেন না বলেও দাবি করেন তিনি। তবে ইরান অন্য কোনো উৎস থেকে অস্ত্র সংগ্রহ করতে পারে এমন আশঙ্কাও করেন রাষ্ট্রপতি ট্রাম্প।

ট্রাম্প জোর দিয়ে বলেন মার্কিন সামরিক অভিযানের ফলে ইরান দুর্বল হয়ে পড়েছে। তাই সে আলোচনায় বসতে রাজী হয়েছে। দুই দেশের মধ্যে চুক্তি সাক্ষরিত হলে হরমুজ প্রণালী আবারও জাহাজ চলাচলের জন্য খুলে দেওয়া হবে বলেও আশা প্রকাশ করেন তিনি।

-----------------------

কেন্দ্রীয় সরকার আগামী দুই সপ্তাহের জন্য পেট্রোল, ডিজেল এবং বিমানের জ্বালানির রপ্তানি শুল্ক আরোপ করেছে। পশ্চিম এশিয়ার সংকটের কারণে তৈরি হওয়া অনিশ্চয়তার মধ্যে দেশের বাজারে পেট্রোপণ্যের পর্যাপ্ত জোগান নিশ্চিত করতেই এই সিদ্ধান্ত। অর্থ মন্ত্রকের জারি করা বিজ্ঞপ্তি অনুযায়ী, নতুন নিয়মে পেট্রোল রপ্তানির ওপর প্রতি লিটারে দেড় টাকা এবং ডিজেল রপ্তানির ওপর প্রতি লিটারে সাড়ে ১৩ টাকা শুল্ক ধার্য করা হয়েছে। পাশাপাশি, বিমানের জ্বালানি বা এভিয়েশন টারবাইন ফুয়েল রপ্তানির ওপর প্রতি লিটারে সাড়ে ৯ টাকা শুল্ক নির্ধারণ করা হয়েছে। আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেল ও অন্যান্য জ্বালানির গড় দামের ওপর ভিত্তি করে প্রতি ১৫ দিন পর পর এই শুল্ক পর্যালোচনা করা হয়।

দেশে পেট্রোপণ্যের মজুত রাখার জন্য সরকার উপযুক্ত ব্যবস্থা নিচ্ছে বলে পেট্রোলিয়াম মন্ত্রকের যুগ্ম সচিব সুজাতা শর্মা জানান।

----------------------

দক্ষিণ দিল্লির সাকেত মেট্রো স্টেশনের কাছে গত সন্ধ্যায় একটি চারতলা বাণিজ্যিক ভবন ভেঙে দুজন প্রাণ হারিয়েছেন। অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিকেল সায়েন্সেস_AIIMS এর তরফে জানানো হয় চিকিৎসার জন্য দশজন আহত ব্যক্তিকে জয় প্রকাশ নারায়ণ অ্যাপেক্স ট্রমা সেন্টারে নিয়ে আসা হয়। তাঁদের মধ্যে দুজনকে হাসপাতালে আনার পরই মৃত ঘোষণা করা হয়। তিনজনের অবস্থা আশঙ্কাজনক। পাঁচজন রোগীর অবস্থা অবশ্য স্থিতিশীল।

দিল্লির মুখ্যমন্ত্রী রেখা গুপ্তা এই ঘটনায় দুঃখ প্রকাশ করেন। এ ধরনের অনুমোদনহীন বাড়িগুলির বিরুদ্ধে এবং এই বাড়ি তৈরির সঙ্গে সংশ্লিষ্ট আধিকারিকদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের আশ্বাস দেন তিনি।

----------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর চিতা প্রকল্প আবারও একটি মাইলফলক অর্জন করেছে। গতকাল স্ত্রী চিতা নিরভা এবং তার তিনটি শাবককে তাদের এনক্লোসার থেকে মধ্যপ্রদেশের কুনো জাতীয় উদ্যানের উন্মুক্ত অরণ্যে ছেড়ে দেওয়া হয়েছে। যার ফলে এই মুহুর্তে কুনো বনাঞ্চলে চিতার সংখ্যা বেড়ে ২০-এ পৌঁছেছে।

বন দপ্তর সূত্রের খবর নিরভার শাবকদের মধ্যে দুটি পুরুষ এবং একটি স্ত্রী চিতা, যাঁদের বয়স আনুমানিক ১৩ মাস। সন্তান সহ চারটি চিতাকেই শেওপুর জেলার পালপুর পূর্ব রেঞ্জের 'আহেরা পর্যটন অঞ্চল'-এ ছেড়ে দেওয়া হয়।নতুন করে এই চার চিতার

আগমন পর্যটন শিল্পকে চাঙ্গা করবে এবং স্থানীয় মানুষদের জন্য নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করবে বলে আশা প্রকাশ করেছেন বন দপ্তরের আধিকারিকরা।

----------------------

রয়াল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালুরু ও গুজরাট টাইটানস আজ আইপিএল ক্রিকেট এর ফাইনালে মুখোমুখি হবে। আহমেদাবাদের নরেন্দ্র মোদী স্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। আজ যে দল জিতবে দ্বিতীয়বার আইপিএল চ্যাম্পিয়ন হবে। রয়াল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালুরু গতবার ট্রফি জয় করেছিলো। ২০২২ সালে চ্যাম্পিয়ন হয়েছিলো গুজরাট। দুই দলই লিগ পর্যায়ে ৯ টি করে ম্যাচ জয়ে পেয়েছে।

----------------------

কেন্দ্রীয় যুব ও ক্রীড়া মন্ত্রী মনসুখ মান্ডভিয়া আজ শিলংয়ে আয়োজিত 'ফিট ইন্ডিয়া - সানডেজ অন সাইকেল(Sundays on Cycle)-এর ৭৬তম সংস্করণের সূচনা করেন। সাইকেল চালানোর মাধ্যমে তরুণ-তরুণী, ক্রীড়াবিদ, ফিটনেস অনুরাগী এবং সাধারণ নাগরিকদের শারীরিক সক্ষমতা ও সুস্থ জীবনধারাকে উৎসাহিত করাই এই আয়োজনের মূল লক্ষ্য বলে জানান শ্রী মান্ডভিয়া। তিনি আরও বলেন প্রধানমন্ত্রীর 'ফিট ইন্ডিয়া আন্দোলন'-এর সমর্থনে দেশের লক্ষ লক্ষ মানুষ প্রতি রবিবার সানডেজ অন সাইকেল' কর্মসূচিতে এতে অংশগ্রহণ করছেন। সমগ্র ভারত জুড়ে ৬,০০০-এরও বেশি স্থানে সাইকেল চালানোর এই ধরনের কর্মসূচির আয়োজন করা হয়েছে বলেও জানান তিনি।

পশ্চিম এশিয়ার বর্তমান পরিস্থিতিতে জ্বালানির ব্যবহার কমানোর প্রধানমন্ত্রীর আহ্বানের প্রসঙ্গ উল্লেখ করে স্বল্প দূরত্বের এবং দৈনন্দিন

যাতায়াতের ক্ষেত্রে সাইকেল চালানো শক্তি সংরক্ষণে গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারে বলে মত প্রকাশ করেন ক্রীড়া মন্ত্রী মনসুখ মান্ডভিয়া।

----------------------- -----------------------